গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
(স্থানীয় সরকার শাখা)
www.patuakhali.gov.bd

স্মারক নম্বর : ৪৬.১০.৭৮০০.০০৭.০২.১৬০.১৬- ৪৯৬

তারিখ : ২০ আশ্বিন ১৪৩২ / ০৫ অক্টোবর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ইউপি-২ শাখার ২০ আগস্ট ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭ (অংশ-১)-২২১৩ নম্বর স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার ইউনিয়ন পরিষদসমূহে "হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর" পদে ইউনিয়ন পরিষদে নিম্নোক্ত (৭৪) টি শূন্যপদ পূরণ এবং প্যানেল সংরক্ষণের লক্ষ্যে পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর | গ্রেড-১৬<br>বেতন স্কেল-৯৩০০/-২২৪৯০/-<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ৭৪ (চুয়াত্তর) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়। |

*** তবে স্থানীয় সরকার বিভাগের ১৭ এপ্রিল ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০২৪.১৯(অংশ-১)-৯৯৯ নং স্মারকে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের সিপিএলএ নং-৭৮৮/২০১৮-এ আদেশের আলোকে ইউনিয়ন পরিষদে 'হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর' পদে নিয়োগ পাওয়ার বিষয়ে বিজ্ঞ প্যানেল আইনজীবীর আইনগত মতামতের ভিত্তিতে রিট পিটিশন মামলারসমূহের (রিট পিটিশন নং-১৩৩৯১/১৭ (লীভ টু আপিল নং-৭৮৮/১৮); ১৪৮৮৮/২০১৯; ১৩৭৫৩/২০২৪ ও অন্যান্য সংশ্লিষ্ট মামলাসমূহ) পক্ষভুক্ত ইউডিসি উদ্যোক্তাগণের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে **'কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এর স্থলে 'কোন স্বীকৃত বোর্ড হতে যে কোন বিভাগ থেকে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ' প্রতিস্থাপিত হবে।**

| ক্রমিক নম্বর | আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে: |
|---|---|
| ০১ | প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| ০২ | জনপ্রশাসন মন্ত্রণালয় এর চাকুরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর আবেদন করতে হবে। আবেদপত্রের নমুনা www.patuakhali.gov.bd ওয়েব সাইট এর নোটিশ বোর্ড হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও লিখিত পরীক্ষার প্রবেশপত্রের নমুনা কপি www.patuakhali.gov.bd ওয়েব সাইট এর নোটিশ বোর্ড হতে ডাউনলোড করে দুই কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদনপত্র ফরমটি A4 অফসেট কাগজে প্রিন্ট করে নিজ হাতে পূরণ করতে হবে। |
| ০৩ | আবেদনপত্রের সাথে আবেদনকারীর **(ক)** সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি [ছবিতে প্রার্থীর নাম লিখে এক কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ০২ (দুই) কপি ছবি এডমিট কার্ডের সাথে আঠা দিয়ে লাগাতে হবে] **(খ)** সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি **(গ)** জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি **(ঘ)** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ প্রশাসক বা পৌরসভার মেয়র/ প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র **(ঙ)** ১ম শ্রেণীর/ ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে। [উল্লেখ্য, ছবিতে প্রার্থীর নাম লিখতে হবে। সত্যায়িত অনুলিপির ক্ষেত্রে পদবী ও নামের সীলসহ ১ম শ্রেণীর/ ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। |
| ০৪ | পরীক্ষার ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা "জেলা প্রশাসক, পটুয়াখালী" এর অনুকূলে "রূপালী ব্যাংক লিমিটেড" এর যে কোন শাখা হতে ইস্যুকৃত পে-অর্ডার/ ডিডি (অফেরৎযোগ্য ) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। |
| ০৫ | আবেদনপত্র আগামী **২৬ অক্টোবর ২০২৫** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর পৌঁছাতে হবে। সরাসরি, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র না পৌঁছালে তা বাতিল বলে গণ্য হবে। |
| ০৬ | (ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা এবং বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। |
| | (খ) আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা এবং বীরাঙ্গনার সন্তান) হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক বা পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনে সংযুক্ত করতে হবে। |
| | (গ) তৃতীয় লিঙ্গ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র আবেদনে সংযুক্ত করতে হবে। |
| | (ঘ) বিজ্ঞাপনে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে। বিশেষ কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ /প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। **খামের উপর পদের নাম ও কোটা অবশ্যই উল্লেখ করতে হবে।** |
| ০৭ | আবেদন গ্রহণের শেষ তারিখে **(২৬অক্টোবর ২০২৫)** প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর হবে: (বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে ১৮ নভেম্বর ২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেটের অধ্যাদেশ নং-১১, ২০২৪ অনুসরণ করা হয়েছে)। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। **রিট পিটিশন মামলার পক্ষভুক্ত ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের বয়স শিথিলযোগ্য হবে।** |

| | |
|---|---|
| ০৮ | আবেদনকারীকে কম্পিউটার (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ও ই-মেইল ইত্যাদি) চালনায় পারদর্শী হতে হবে এবং এ সংক্রান্ত অভিজ্ঞতা / প্রশিক্ষণের সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। |
| ০৯ | সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। |
| ১০ | **প্রার্থী যে ঠিকানায় লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার প্রবেশ পত্র পেতে ইচ্ছুক সে ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাক টিকেটসহ ফেরত খাম (খামের সাইজ ১০ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।** |
| ১১ | সকল প্রকার মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মূল সনদপত্র / সাময়িক সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র গ্রহণযোগ্য হবে না। |
| ১২ | **এ কার্যালয়ের ৩০/০১/২০১৭ তারিখের ৪৬.১০.৭৮০০.০০৭.০২.১৬০.১৬-৩৪; ০৯/১০/২০১৯ তারিখের ৪৬.১০.৭৮০০.০০৭.০২.১৬০.১৬-৫৭৮এবং ০৬/১০/২০২৪ তারিখের ৪৬.১০.৭৮০০.০০৭.০২.১৬০.১৬-৫৯৩ নম্বর স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তি মোতাবেক যারা আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।** |
| ১৩ | **রিট পিটিশন নং-১৩৩৯১/১৭ (লীভ আপিল নং-৭৮৮/১৮); ১৪৮৮৮/২০১৯; ১৩৭৫৩/২০২৪ এবং বর্ণিত বিষয়ে অন্যান্য মামলাসমূহে উক্ত নিয়োগের ক্ষেত্রে মহামান্য আদালতের সকল আদেশ প্রতিপালন করা হবে।** |
| ১৪ | নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন। |
| ১৫ | অসম্পূর্ণ, ত্রুটিপুর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ১৬ | চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর পুলিশ ভেরিভিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তার নির্বাচিত প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে। |
| ১৭ | আবেদনপত্র গ্রহণ/ বাতিল/ নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না। |
| ১৮ | পদ শূন্য সাপেক্ষে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। |
| ১৯ | চাকুরির বিষয়ে কোনো প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/ সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে। |
| ২০ | যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না। |
| ২১ | পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| ২২ | কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/সময় পরিবর্তন/ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। |

০৮/১০/২০২৫

ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী
জেলা প্রশাসক
পটুয়াখালী
ফোন নম্বর: ০২৪৭৮৮৮০৫৬৫
e-mail: dcpatuakhali@mopa.gov.bd

স্মারক নম্বর : ৪৬.১০.৭৮০০.০০৭.০২.১৬০.১৬- ৪২৬

তারিখ : ২৩ আশ্বিন ১৪৩২ / ০৮ অক্টোবর ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
৩। জেলা প্রশাসক,..............................(পটুয়াখালী ব্যতীত সকল)।
৪। পুলিশ সুপার, পটুয়াখালী।
৫। প্রশাসক, পটুয়াখালী পৌরসভা, পটুয়াখালী।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পটুয়াখালী।
৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর / জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী।
৮। উপজেলা নির্বাহী অফিসার,......................................(সকল), পটুয়াখালী (নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
৯। প্রশাসক, বাউফল/ গলাচিপা/ কলাপাড়া/ কুয়াকাটা পৌরসভা, পটুয়াখালী।
১০। নেজারত ডেপুটি কালেক্টর, পটুয়াখালী (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রদর্শনের অনুরোধ করা হলো)।
১১।সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী (বিজ্ঞপ্তিটি আবেদন ফরমসহ ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)
১২।সম্পাদক,..........................................................................................................................................(
তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য দুই কলামে ০৯*৩ ইঞ্চি পরিসরে ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধসহ)।
১৩। অফিস কপি / মাস্টার কপি।

০৮.১০.২৫

জুয়েল রানা
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, পটুয়াখালী